

২০২২

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাধারণ

পত্র : SEC-B-1

(ব্যবহারিক বাংলা ও সাহিত্য গবেষণার পদ্ধতিবিজ্ঞান)

পূর্ণমান - ৮০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উভয় যথাসন্তুর নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) অনলাইনে পঠনপাঠনের সুবিধা-অসুবিধা বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ১০

অর্থবা,

(খ) গ্রীষ্মের প্রথম তাপে তোমার এলাকায় জলস্তর অনেক নিচে নেমে গেছে — পানীয় জলসংকট ও সমস্যা নিয়ে স্থানীয় প্রশাসনের কাছে একটি চিঠি লেখো। ১০

২। (ক) ছাপা মাধ্যমে প্রকাশের উপযোগী কোভিড-এর ভ্যাকসিন সংক্রান্ত একটি সরকারি বিজ্ঞাপন প্রস্তুত করো। ১০

অর্থবা,

(খ) অনুবাদের ভাষা ও শৈলী বিষয়ে তোমার মতামত জানিয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লেখো। ১০

৩। (ক) গবেষণার আদর্শ বিন্যাসক্রম কেমন হওয়া উচিত সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

অর্থবা,

(খ) গবেষণায় তথ্য সংগ্রহের প্রয়োজনীয়তা বিষয়ে আলোচনা করে সাহিত্য গবেষণায় তথ্য সংগ্রহের বিভিন্ন উৎসগুলির পরিচয় দাও। ১০

৪। যে-কোনো ছয়টি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×৬

(ক) ব্যক্তিগত পত্র

(খ) সাক্ষাৎকারের প্রয়োজনীয় শর্তসমূহ

(গ) মাধ্যমভেদে বিজ্ঞাপনের ধরন

(ঘ) ভাবানুবাদ

(ঙ) বিজ্ঞাপনের ভাষা

(চ) গবেষণার পাণ্ডুলিপি নির্মাণ

(ছ) পাদটীকা ও প্রান্তীকা

(জ) কপিরাইট আইন।

৫। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

১×২০

- (ক) সংবাদ সংগ্রহ করে কারা?
  - (খ) প্রতিবেদকের কাজ কী?
  - (গ) সংবাদ বা প্রতিবেদনের শিরোনাম কেমন হওয়া উচিত?
  - (ঘ) প্রাতিষ্ঠানিক পত্রে প্রেরকের পরিচয় ও তারিখ কোথায় দেওয়া হয়?
  - (ঙ) বাংলায় অনুবাদ করো : Failure is the pillar of success.
  - (চ) একটি দৃশ্য-শ্রাব্য মাধ্যমের নাম লেখো।
  - (ছ) আধুনিক বিজ্ঞাপনের জনক কাকে বলা হয়?
  - (জ) দূরদর্শনে কবে প্রথম বিজ্ঞাপন দেওয়া শুরু হয়?
  - (ঝ) বিজ্ঞাপনের একটি উদ্দেশ্য লেখো।
  - (ঝঃ) পাত্র/পাত্রী চাই কী ধরনের বিজ্ঞাপনের অন্তর্ভুক্ত?
  - (ট) রেডিওতে প্রচারিত বিজ্ঞাপনকে কী ধরনের বিজ্ঞাপন বলবে?
  - (ঠ) গবেষণার সূচিপত্রে কী থাকবে?
  - (ড) সূত্র নির্দেশের প্রয়োজনীয়তা কী?
  - (ঢ) জগমোহন মুখোপাধ্যায় রচিত গবেষণার পদ্ধতিবিজ্ঞান সংক্রান্ত গ্রন্থটির নাম লেখো।
  - (ণ) ‘গবেষণা’ কথাটির আক্ষরিক অর্থ কী?
  - (ত) কপিরাইট আইন-এর প্রথম কোথায় প্রচলন ঘটে?
  - (থ) গ্রন্থপঞ্জি কাকে বলে?
  - (দ) পৃষ্ঠাঙ্ক কাকে বলে?
  - (ধ) বিদ্যাসাগরের ‘ভাস্ত্বিলাস’ কোন গ্রন্থের অনুবাদ?
  - (ন) নির্ঘট্ট কী?
-